বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড
(বিটিসিএল)
প্রধান কার্যালয়
টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন,
ঢাকা-১০০০
www.btcl.gov.bd । বিটিসিএল.বাংলা



নম্বর: ১৪.৩৩.০০০০.০০০.০২৬.১১.০০০২.২৫.৫৯

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বিটিসিএল-এর ৭ম গ্রেডভুক্ত সহকারী ব্যবস্থাপক (কারিগরি) পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে উক্ত পদের আবেদনকারীদের প্রতি সাধারণ নির্দেশনা এবং প্রাক-নির্বাচনী পরীক্ষা ও লিখিত পরীক্ষা গ্রহণের তারিখ ঘোষণা প্রসঙ্গে।

বিটিসিএল এর সহকারী ব্যবস্থাপক (কারিগরি) পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি নং- ১৪.৩৩.০০০০.০০০.০২৬.১১.০০০২.২৫-১৯, তারিখ: ০৮-০৯-২০২৫ খ্রি. প্রকাশ করা হয়েছিল।

উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যেসব প্রার্থী আবেদন করেছেন তাদেরকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১। যোগ্য প্রার্থী বাছাই কার্যক্রম প্রাক-নির্বাচনী পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা এই ০৩ (তিন) ধাপে সম্পন্ন হবে;

২। বিটিসিএল এর সহকারী ব্যবস্থাপক (কারিগরি) পদে নিয়োগের প্রাক-নির্বাচনী পরীক্ষা ও উক্ত প্রাক-নির্বাচনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি মোতাবেক অনুষ্ঠিত হবে:

পদের নাম	পরীক্ষার নাম	পরীক্ষার তারিখ ও দিন	সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	প্রবেশপত্র সংগ্রহের ওয়েব এড্রেস ও সময়
সহকারী ব্যবস্থাপক (কারিগরি)	প্রাক-নির্বাচনী পরীক্ষা	১১ ডিসেম্বর ২০২৬ খ্রি. শুক্রবার	সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা	বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কর্তৃক নির্ধারিত স্থাপনাসমূহ	https://btcl.teletalk.com.bd/ শীঘ্রই প্রবেশপত্র টেলিটকের মাধ্যমে বিতরণ করা হবে। এ সংক্রান্ত নোটিফিকেশন প্রার্থীদের আবেদনপত্রে উল্লেখিত মোবাইল নম্বরে প্রদান করা হবে। এমতাবস্থায়, প্রার্থীদেরকে তাদের আবেদনপত্রে উল্লেখিত মোবাইল নম্বর সবসময় সচল রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
	লিখিত পরীক্ষা (নির্বাচিত প্রার্থীদের জন্য)	১৮ ডিসেম্বর ২০২৬ খ্রি. শুক্রবার	সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা		

৩। প্রার্থীদের ইউজার আইডি এবং পাসওয়ার্ড সঠিকভাবে পূরণপূর্বক উল্লিখিত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহপূর্বক রঙিন প্রিন্ট করে নিতে হবে (প্রার্থীদের নিকট ডাকযোগে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না)। একই প্রবেশপত্র প্রাক-নির্বাচনী পরীক্ষা, লিখিত পরীক্ষা (নির্বাচিত প্রার্থীদের জন্য) এবং মৌখিক পরীক্ষা (নির্বাচিত প্রার্থীদের জন্য) এর জন্য ব্যবহৃত হবে;

৪। বর্ণিত সকল পরীক্ষার সময় অবশ্যই এই প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। প্রবেশপত্র ছাড়া কাউকে কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এমতাবস্থায়, প্রার্থীগণ'কে তাদের স্ব স্ব প্রবেশপত্র সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো;

৫। প্রাক-নির্বাচনী পরীক্ষা বহুনির্বাচনি (MCQ) ভিত্তিক হবে যাতে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, মানসিক দক্ষতা এবং বিষয়ভিত্তিক প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের নম্বর হবে ০১ (এক)। বহুনির্বাচনি (MCQ) প্রশ্নের প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (দশমিক পাঁচ) নম্বর কর্তন করা হবে;

৬। প্রাক-নির্বাচনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রণীত মেধাতালিকার প্রথম ১২০০ (বারো শত) জন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে (মেধাক্রমের সর্বশেষ স্থানে সমান নম্বর প্রাপ্ত সকল প্রার্থী অন্তর্ভুক্ত থাকবে)। লিখিত পরীক্ষার মোট নম্বর ৮০ (আশি) এবং লিখিত পরীক্ষায় পাস নম্বর হবে ৪০ (চল্লিশ);

৭। **লিখিত পরীক্ষায় বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, মানসিক দক্ষতা এবং বিষয়ভিত্তিক প্রশ্ন থাকবে** ;

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মেধাক্রম অনুসারে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় বিটিসিএল এর দাপ্তরিক ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং নির্বাচিত প্রার্থীদের মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে নোটিফিকেশন প্রদান করা হবে;

৯। **সকল ফলাফল বিটিসিএল এর দাপ্তরিক ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং প্রার্থীদের এসএমএস এর মাধ্যমে এবিষয়ে অবগত করা হবে;**

১০। **প্রাক-নির্বাচনী পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা** এই ০৩ (তিন) ধাপে যাচাই কার্য সম্পন্ন করে চূড়ান্ত মেধা তালিকা প্রণয়ন করা হবে;

১১। **প্রাক-নির্বাচনী/লিখিত/মৌখিক পরীক্ষা অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;**

১২। বিশেষভাবে উল্লেখ্য যে, পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা বিটিসিএল এর দাপ্তরিক ওয়বসাইট (btcl.gov.bd) এর "ক্যারিয়ার" সেকশনে প্রকাশ করা হবে এবং প্রার্থীদেরকে এসএমএস এর মাধ্যমে বিষয়টি অবগত করা হবে। তাই আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বর সবসময় সচল রাখার এবং বিটিসিএল এর দাপ্তরিক ওয়েবসাইট সময় সময় পরিদর্শন করার জন্য প্রার্থীদেরকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

যথাযথ কর্তৃপক্ষের এর নির্দেশ ও অনুমোদনক্রমে এই সাধারণ নির্দেশনা এবং প্রাক-নির্বাচনী পরীক্ষা ও লিখিত পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হলো।



২৫-১১-২০২৬
মোঃ খালেদ মামুন
জিএম (আর এন্ড টি) (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২৪১০৩০১০৬
ইমেইল : gm.rnt@btcl.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। যুগ্ম-সচিব, যুগ্ম সচিব (ডাক অনুবিভাগ), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, এবং আহ্বায়ক, বিটিসিএল এর সরাসরি নিয়োগের জন্য গঠিত সার্বজনীন বাছাই কমিটি।
২। জিএম, জিএম , এমডি এর সচিবালয় (বিটিসিএল এর দাপ্তরিক ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে আপলোড এর অনুরোধ সহ)।
৩। কোম্পানি সচিব, কোম্পানি সচিব, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) (চেয়ারম্যান, বিটিসিএল পরিচালনা পর্ষদ মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।
৪। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, পার্সোনাল সেক্রেটারি (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার), বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) (ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।